তারিখ ... ১৪/৩/৮৩ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

দৈনিক বাংলা

C17

*এসএসসি পরীক্ষা*

# এযাবৎ ১৪শ' বহিষ্কৃত বেশির ভাগই ইংরেজীর দিন

(স্টাফ রিপোর্টার)

পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বৃহস্পতিবার পর্যন্ত ৪টি শিক্ষা বোর্ডের প্রায় ১৭শ পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে।

সবচেয়ে বেশী পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে রাজশাহী শিক্ষা বোর্ডে প্রায় সাড়ে ৭শ। যশোর শিক্ষা বোর্ডে বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা সবচেয়ে কম, ১৪৯ জন।

পরীক্ষার্থীদের নকলে সহায়তা করার দায়ে উক্ত সময়ে চারটি বোর্ডের ২০ জন পরীক্ষককে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে একমাত্র যশোর শিক্ষা বোর্ডের তিনটি কেন্দ্র থেকে নয়জন পরীক্ষককে বহিষ্কার করা হয়। এছাড়া কুমিল্লা বোর্ডে ছয়জন এবং ঢাকা বোর্ড থেকে পাঁচজন পরীক্ষক বহিষ্কৃত হয়েছেন।

পরীক্ষা কেন্দ্রে বিশৃংখলা সৃষ্টি এবং পরীক্ষার্থীদের চৌকাঠুকিতে সহায়তা করার দায়ে ঢাকা বোর্ডের কালীকনী ও রাজশাহী বোর্ডের সাঁতিয়া কেন্দ্র থেকে একজন করে মোট দুজন পরীক্ষক-শিক্ষককে গ্রেফতার করা হয়।

এসব তথ্য সংশ্লিষ্ট বোর্ড সূত্রের। যশোর শিক্ষা বোর্ডের পরীক্ষা-সমূহের নিয়ন্ত্রক বলেছেন, এই বোর্ডের কোন প্রশ্নই ফাঁস হয়নি।

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ইংরেজীর দিন

(১ম পৃঃ পর)

পরীক্ষার্থীদের অধিকাংশ প্রশ্ন 'কমন' পাওয়াকে কখনই প্রশ্নপত্র ফাঁস বলা যায় না।

তিনি আরো বলেন, বরিশালের এডিসি (রাজস্ব)কে আহবায়ক করে একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্তে উক্ত কমিটি জানতে পারেন যে যশোর বোর্ডের কয়েকটি প্রশ্ন (বিশেষ করে ইংরেজী প্রথম ও দ্বিতীয় পর্ব) শিক্ষকের দেয়া সাজেশন অনুযায়ী পরীক্ষার্থীদের বেশ কমন এসেছে। এতে গুজব রটে যে প্রশ্ন ফাঁস হয়ে গেছে। আসলে এই গুজব সম্পূর্ণ ভিত্তিহীন।

বিভিন্ন বোর্ড সূত্রে জানা গেছে যে গত পাঁচদিনের পরীক্ষায় সবচেয়ে বেশি পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে গত ১৩ই মার্চ ইংরেজী পরীক্ষার দিন। প্রায় ১৪শ বহিষ্কৃত ছাত্র-ছাত্রীর অধিকাংশই বহিষ্কৃত হয় এদিন। ১০ই মার্চ প্রথম দিনে পরীক্ষায় খুব অল্প সংখ্যক পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এদিনে বহিষ্কৃতের সংখ্যা প্রায় সোয়া শ'।

সংশ্লিষ্ট বোর্ড সূত্রে বলা হয়েছে, অন্যান্যবারের চেয়ে এবারের পরীক্ষা অনেক শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে।

এবার চারটি বোর্ড থেকে প্রায় পৌনে তিন লাখ পরীক্ষার্থী অংশ নিচ্ছেন। বাংলাদেশে এটাই এসএসসি পরীক্ষার্থীদের সর্বোচ্চ সংখ্যা। সারা দেশের মোট ৪শ ৩০টি কেন্দ্রে পরীক্ষা হচ্ছে।